# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 05-10-2025** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ–

১) ডিভিসি সহ একাধিক বাঁধ ও ব্যারাজ থেকে জল ছাড়া অব্যাহত থাকলেও এখনও পর্যন্ত পরিস্থিতি সম্পূর্ণ নিয়ন্ত্রণে বলে জানিয়েছে রাজ্য সরকার।

রাজ্যকে না জানিয়ে ডিভিসির জল ছাড়া নিয়ে মুখ্যমন্ত্রীর অভিযোগ খারিজ কেন্দ্রীয় সরকারের।

২) সুস্পষ্ট নিম্নচাপের প্রভাবে উত্তরবঙ্গের জেলাগুলিতে ভারি বৃষ্টির পূর্বাভাস। বৃষ্টি চলবে দক্ষিণবঙ্গেও।

৩) ভোটার তালিকা সংক্রান্ত কাজকর্ম খতিয়ে দেখতে উপনির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে কমিশনের একটি দল আগামী মঙ্গলবার রাজ্য সফরে আসছে।

৪) রেডরোডে আজ পুজো কার্নিভালে কলকাতার সেরা পুজোগুলি অংশ নেবে।

৫) কলকাতাকে নিরাপদতম শহর বলে ন্যাশানাল ক্রাইম রেকর্ড ব্যুরোর প্রকাশিত রিপোর্ট নিয়ে প্রশ্ন তুলেছেন আর জি কর হাসপাতালে নিহত চিকিৎসকের বাবা মা। রাজ্যের বিরুদ্ধে তথ্য গোপনের অভিযোগ বিজেপি-র।

৬) আগামীকাল কোজাগরী লক্ষ্মীপুজো। বাজারে ফুল ফল সাকসব্জীর দাম চড়া হওয়ায় উদ্বেগে গৃহস্থ।

---

কলকাতার রেড রোডে দুর্গা কার্নিভাল এর জন্য শেষ মুহুর্তের প্রস্তুতি চলছে। বিশ্ব-বাংলা শারদ সম্মান পাওয়া পুজোগুলির বেশিরভাগই এবারের কার্নিভ্যালে যোগ দেবে বলে জানা গেছে। বিকেল সাড়ে চারটে থেকে শুরু হবে অনুষ্ঠান। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ছাড়াও সেখানে উপস্থিত থাকবেন একাধিক মন্ত্রী, আধিকারিক সহ বিশিষ্টজনেরা। একটি প্রতিবেদন-

ভিসি অভিরুপ

কার্নিভ্যালের শেষ মুহূর্তের প্রস্তুতি ও নিরাপত্তাব্যবস্থা গতকাল খতিয়ে দেখেন কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা। সুষ্ঠুভাবে কার্নিভ্যাল আয়োজনে পুলিশ প্রস্তুত বলে জানিয়েছেন তিনি।

বাইট

পুজো কার্নিভালের জন্য কলকাতা পুলিশ আজ যান চলাচল নিয়ন্ত্রণ করবে। রেড রোড সংলগ্ন রাস্তা এবং এক্সাইড মোড় থেকে হেস্টিংস পর্যন্ত পণ্যবাহী গাড়ি চলাচল দুপুর ১২ টা থেকে ৩'টের মধ্যে নিয়ন্ত্রণ করা হবে বলে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। দুপুর ২'টো থেকে কার্নিভাল শেষ না হওয়া

পর্যন্ত রেড রোড, লাভার্স লেন, কুইন্‌স ওয়ে সহ রাস্তাগুলিতে, যান চলাচল সম্পূর্ণ বন্ধ থাকবে।

এদিকে কলকাতায় জমা জলে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে সম্প্রতি একাধিক ব্যক্তির মৃত্যুর প্রতিবাদে 'খোলা হাওয়া' নামে একটি সংগঠন আজ মিছিল করবে কলেজ স্ট্রিট থেকে। কলকাতা হাইকোর্ট শর্তসাপেক্ষে এই মিছিলের অনুমতি দিয়েছে।

রেড রোডে কার্নিভাল উপলক্ষে অতিরিক্ত মেট্রো পরিষেবা দেবে কলকাতা মেট্রো। আগামিকাল রাতে ব্লু লাইন ও গ্রীন লাইনে রাতে চলবে অতিরিক্ত মেট্রো। মেট্রো কর্তৃপক্ষ জানিয়েছে, রবিবার মোট ৬টি বিশেষ ট্রেন (৩টি আপ ও ৩টি ডাউন) চালানো হবে। প্রতিটি ট্রেনের মধ্যে ব্যবধান থাকবে প্রায় ২০ মিনিট। কার্নিভালের দিন রাতে শহরের এক প্রান্ত থেকে অন্য প্রান্তে যাতে সাধারণ যাত্রীদের যাতায়াতে অসুবিধা না হয় সেই লক্ষ্যেই এই পদক্ষেপ বলে জানিয়েছে মেট্রো কর্তৃপক্ষ।

দুর্গাপুজোর কার্নিভাল আয়োজন নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর সমালোচনা করেছেন বিজেপির রাজ্য সভাপতি, সাংসদ শমীক ভট্টাচার্য। তৃণমূল সরকার কর্মীদের মহার্ঘ ভাতা দেওয়ার মতো অবস্থায় না থাকলেও, তাদের কাছে কার্নিভ্যাল অগ্রাধিকারের বিষয় বলে অভিযোগ করেন তিনি।

বাঁধগুলিতে চলছে রাত পাহারা। প্রয়োজনীয় বালির বস্তাও মজুদ রাখা হয়েছে বলে ঘাটালের মহকুমাশাসক সুমন বিশ্বাস জানিয়েছেন।

-----------------------

পশ্চিম ঝাড়খন্ড ও সংলগ্ন দক্ষিণ বিহারের ওপর অবস্থানরত সুস্পষ্ট নিম্নচাপের প্রভাবে উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং ও আলিপুরদুয়ার জেলায় অতি ভারী থেকে অত্যন্ত ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে। উত্তরবঙ্গের বাকি অংশে মাঝারি থেকে ভারী বৃষ্টি হতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণী কে জানিয়েছেন।

বাইট

দক্ষিণবঙ্গে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে মুর্শিদাবাদ ও নদীয়া জেলায়। এদিকে বজ্রগর্ভ মেঘের সঞ্চার হওয়ায় কলকাতা ছাড়াও পূর্ব মেদিনীপুর, হাওড়া, দক্ষিণ ২৪ পরগনাতে ভোররাতে বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টি হয়। হুগলি, নদিয়া, উত্তর ২৪ পরগনাতেও বৃষ্টির খবর মিলেছে। কলকাতা সহ গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলিতে আজ হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

-----------------------

অল্প সময়ের ঝড়ে গতকাল দক্ষিণ দিনাজপুরের বালুরঘাট শহরের একাংশ লন্ডভন্ড হয়ে গেছে। ৫১২ নম্বর জাতীয় সড়কের উপর ভেঙে পড়ে

আলোকসজ্জার তোরণদ্বার। শহরের পাওয়ার হাউস এলাকায় পুজো উপলক্ষে তৈরি বাঁশের গেটটি ভেঙে পড়লে অল্পের জন্য বড়সড় দুর্ঘটনার হাত থেকে রক্ষা পেল যাত্রীবাহী বাস। একাধিক এলাকায় ঝড়বৃষ্টিতে গাছ ভেঙে পড়ে। জল জমে যায়র বিভিন্ন এলাকায়।

পুরুলিয়ার বরাবাজার থানার ভিখারি চেলিয়ামা গ্রামে দেওয়াল চাপা পড়ে মা ও মেয়ে গুরপুতর

----------------------

ভোটার তালিকা সংক্রান্ত কাজকর্ম খতিয়ে দেখতে এরাজ্যের দায়িত্বপ্রাপ্ত উপ নির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতী, নির্বাচন কমিশনের ডিজি (IT) সীমা খান্না সহ নির্বাচন কমিশনের একটি দল আগামী মঙ্গলবার তিনদিনের সফরে রাজ্যে আসছেন। তারা বুধবার সকাল ১০ টায় ভিডিও কনফারেন্স এর মাধ্যমে জেলা নির্বাচনী আধিকারিক সহ নির্বাচনের কাজে যুক্ত আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন। এরপর রাজারহাটে ERO , BDO সহ নির্বাচনের কাজে যুক্ত আধিকারিকদের সঙ্গে বৈঠক করার কথা কমিশনের দলটির। বারাসাতে উত্তর ২৪ পরগনার জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন। বৃহস্পতিবার কমিশনারের দলটি কোলাঘাটে পূর্ব মেদিনীপুর, বাঁকুড়া, এবং ঝাড়গ্রাম এর জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে বৈঠক করে দিল্লি ফিরে যাবে বলে সূত্রের খবর।

এবারের সফরে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী এসআইআর নিয়ে আলোচনা হতে পারে বলেও মনে করা হচ্ছে।

বিজেপি স্বচ্ছভাবে এসআইআর পরিচালনার পক্ষে সওয়াল করেছে। দলের মুখপাত্র দেবজিত্ সরকার গতকাল সাংবাদিকদের কাছে সংশোধনী প্রক্রিয়ার সঙ্গে যুক্ত বিএলও-বিএলএ-দের স্বচ্ছাভাবে কাজ করার আহ্বান জানিয়েছেন।

-----------------------

কলকাতার রেড রোডে দুর্গা কার্নিভাল এর জন্য শেষ মুহুর্তের প্রস্তুতি চলছে। বিশ্ব-বাংলা শারদ সম্মান পাওয়া পুজোগুলির বেশিরভাগই এবারের কার্নিভ্যালে যোগ দেবে বলে জানা গেছে। বিকেল সাড়ে চারটে থেকে শুরু হবে অনুষ্ঠান। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ছাড়াও সেখানে উপস্থিত থাকবেন একাধিক মন্ত্রী, আধিকারিক সহ বিশিষ্টজনেরা। একটি প্রতিবেদন-

ভিসি অভিরুপ

কার্নিভ্যালের শেষ মুহূর্তের প্রস্তুতি ও নিরাপত্তাব্যবস্থা গতকাল খতিয়ে দেখেন কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা। সুষ্ঠুভাবে কার্নিভ্যাল আয়োজনে পুলিশ প্রস্তুত বলে জানিয়েছেন তিনি।

বাইট

পুজো কার্নিভালের জন্য কলকাতা পুলিশ আজ যান চলাচল নিয়ন্ত্রণ করবে। রেড রোড সংলগ্ন রাস্তা এবং এক্সাইড মোড় থেকে হেস্টিংস পর্যন্ত

পণ্যবাহী গাড়ি চলাচল দুপুর ১২ টা থেকে ৩'টের মধ্যে নিয়ন্ত্রণ করা হবে বলে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। দুপুর ২'টো থেকে কার্নিভাল শেষ না হওয়া পর্যন্ত রেড রোড, লাভার্স লেন, কুইন্‌স ওয়ে সহ রাস্তাগুলিতে, যান চলাচল সম্পূর্ণ বন্ধ থাকবে।

এদিকে কলকাতায় জমা জলে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে সম্প্রতি একাধিক ব্যক্তির মৃত্যুর প্রতিবাদে 'খোলা হাওয়া' নামে একটি সংগঠন আজ মিছিল করবে কলেজ স্ট্রিট থেকে। কলকাতা হাইকোর্ট শর্তসাপেক্ষে এই মিছিলের অনুমতি দিয়েছে।

রেড রোডে কার্নিভাল উপলক্ষে অতিরিক্ত মেট্রো পরিষেবা দেবে কলকাতা মেট্রো। আগামিকাল রাতে ব্লু লাইন ও গ্রীন লাইনে রাতে চলবে অতিরিক্ত মেট্রো। মেট্রো কর্তৃপক্ষ জানিয়েছে, রবিবার মোট ৬টি বিশেষ ট্রেন (৩টি আপ ও ৩টি ডাউন) চালানো হবে। প্রতিটি ট্রেনের মধ্যে ব্যবধান থাকবে প্রায় ২০ মিনিট। কার্নিভালের দিন রাতে শহরের এক প্রান্ত থেকে অন্য প্রান্তে যাতে সাধারণ যাত্রীদের যাতায়াতে অসুবিধা না হয় সেই লক্ষ্যেই এই পদক্ষেপ বলে জানিয়েছে মেট্রো কর্তৃপক্ষ।

দুর্গাপুজোর কার্নিভাল আয়োজন নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর সমালোচনা করেছেন বিজেপির রাজ্য সভাপতি, সাংসদ শমীক ভট্টাচার্য। তৃণমূল সরকার কর্মীদের মহার্ঘ ভাতা দেওয়ার মতো অবস্থায় না থাকলেও, তাদের কাছে কার্নিভ্যাল অগ্রাধিকারের বিষয় বলে অভিযোগ করেন তিনি।

-----------------------

কলকাতাকে নিরাপদতম শহর বলে ন্যাশানাল ক্রাইম রেকর্ড ব্যুরো এনসিআরবি প্রকাশিত রিপোর্ট নিয়ে প্রশ্ন তুলেছেন আর জি কর হাসাপাতালের নিহত তরুণী চিকিৎসকের বাবা মা। গতকাল সাংবাদিকদের কাছে তারা বলেন, কিছু ব্যক্তি মানুষকে এই রিপোর্ট দেখিয়ে ভুল বোঝাচ্ছে। কলকাতা শহরে নিজের কর্মস্থলে মেয়েরা অসুরক্ষিত। এমনকি নিপীড়নের শিকার হতে হয় স্কুল কলেজেও। কলকাতা শহরে যে ঘটনা ঘটছে, তার অধিকাংশ ক্ষেত্রেই অভিযোগ জমা পড়ে না বলে অভয়ার বাবা মা মন্তব্য করেছেন।

এদিকে, এই রিপোর্ট নিয়ে রাজ্যের শাসকদলের কড়া সমালোচনা করেছে বিজেপি। দলের মুখপাত্র দেবজিৎ সরকার আকাশবাণীকে জানিয়েছেন, অধিকাংশ ক্ষেত্রেই রাজ্য প্রশাসন অভিযোগ দায়ের করেনা। একমাত্র জঘন্যতম ঘটনার ক্ষেত্রে অভিযোগ লিপিবদ্ধ করা হলেও তা পোর্টালে তোলা হয় না।

উল্লেখ্য, এনসিআরবি-র ২০২৩ সালের রিপোর্ট অনুযায়ী সমীক্ষা করা দেশের মোট ১৯ টি মেট্রো পলিটন শহরের মধ্যে কলকাতায় অপরাধ সবচেয়ে কম বলে উল্লেখ করা হয়েছে। নথিভুক্ত অভিযোগের ভিত্তিতে ২০২২ সালের তুলনায় কলকাতায় নারী নির্যাতনের সংখ্যাও কমেছে বলে রিপোর্টে উল্লেখ রয়েছে। এই নিয়ে চারবার কলকাতা দেশের মধ্যে সবচেয়ে নিরাপদ শহর হিসাবে চিহ্নিত হল।

-----------------------

উত্তর ২৪ পরগনার বরানগরে স্বর্ণ ব্যবসায়ীকে খুন করে দোকান থেকে ১৫ কিলো সোনা লুঠের ঘটনায় এখনও কেউ গ্রেপ্তার হয়নি। তবে কয়েকজনকে আটক করে জিজ্ঞাসাবাদ করছে পুলিশ।

উল্লেখ্য, বরানগরের শম্ভুনাথ দাস লেনে গতকাল দুপুরের পর বেশ কয়েকজন দুষ্কৃতী দোকানে প্রবেশ করে বলে CCTV ফুটেজ খতিয়ে দেখে জানতে পেরেছে পুলিশ। দোকানের মালিক শঙ্কর জানার দেহ হাত-পা বাঁধা অবস্থায় দোকানের ভেতর থেকে উদ্ধার করা হয়।

-----------------------

মুর্শিদাবাদের রেজিনগরে বোমা তৈরীর সময় বিষ্ফোরণের ঘটনায় এক যুবকের মৃত্যুতে পুলিশ ২ জনকে গ্রেফতার করেছে। আজ তাদের বহরমপুর আদালতে তোলা হবে। ওসমান বিশ্বাস নামে ওই ব্যক্তির দেহ, বিষ্ফোরণের পরই সরিয়ে ফেলা হয়েছিল বলে পরিবারের অভিযোগ। ঘটনাস্থল থেকে বেশ কিছুটা দূরে তার ক্ষতবিক্ষত দেহ উদ্ধার হয়। পরিবারের অভিযোগ, এলাকারই একটি বাড়িতে বোমা বাঁধার কাজের জন্য ওসমানকে ডেকে নিয়ে যাওয়া হয়। রেজিনগরের তৃণমূল কংগ্রেস বিধায়ক রবিউল আলম ইসলাম, অপরাধীদের কঠোর শাস্তির দাবী জানিয়েছেন।

কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, মুর্শিদাবাদে বোমার কালচার নিয়ে এসেছে তৃণমূল কংগ্রেস। ভোট যত এগিয়ে আসবে, ততই এই ধরণের ঘটনা বাড়বে বলে তিনি আশঙ্কা প্রকাশ করেন।

-----------------------

আগামীকাল কোজাগরী লক্ষ্মীপুজো। গৃহস্থের ঘরে ঘরে হবে ঐশ্বর্য ও ধনের অধিষ্ঠাত্রী দেবীর আরাধনা। পূর্ণিমা তিথি পরের দিনও থাকায়, মঙ্গলবারও কেউ কেউ পুজো করবেন।

এদিকে, পুজোর আগে বাজারে ফুল, ফল ও সবজির দাম যথেষ্টই বেশী। এর জন্য আবহাওয়ার খামখেয়ালিপনাকেই দায়ী করছেন বিক্রেতারা।

অন্যদিকে, লক্ষ্মীপুজো উপলক্ষে কলকাতা মেট্রো আগামীকাল ব্লু লাইনে আপ ও ডাউন লাইনে ২৭২ টির পরিবর্তে ২৩৬ টি পরিষেবা দেবে। বাকি সবকটি লাইনে অবশ্য পরিষেবা অপরিবর্তিত থাকছে।

----------------------- -----------------------